

## 📃 আস-সফ | As-Saff | ٱلصَّفّ

আয়াতঃ ৬১:১০

## **া** আরবি মূল আয়াত:

## يٰ اَيُّهَا الَّذِينَ أَمَنُوا هَل اَدُلُّكُم عَلَى تِجَارَةٍ تُنجِيكُم مِّن عَذَابٍ اَلِيمٍ ﴿١٠﴾

## 

হে ঈমানদারগণ, আমি কি তোমাদেরকে এমন এক ব্যবসায়ের সন্ধান দেব, যা তোমাদেরকে যন্ত্রণাদায়ক আযাব থেকে রক্ষা করবে? — আল-বায়ান

হে মু'মিনগণ! আমি কি তোমাদেরকে এমন এক ব্যবসায়ের সন্ধান দেব যা তোমাদেরকে মর্মান্তিক 'আযাব থেকে রক্ষা করবে? — তাইসিরুল

হে মু'মিনগণ! আমি কি তোমাদের এমন এক বাণিজ্যের সন্ধান দিব যা তোমাদের রক্ষা করবে যন্ত্রণাদায়ক শাস্তি হতে? — মুজিবুর রহমান

O you who have believed, shall I guide you to a transaction that will save you from a painful punishment? — Sahih International

১০. হে ঈমানদারগণ! আমি কি তোমাদেরকে এমন এক ব্যবসার সন্ধান দেব, যা তোমাদেরকে রক্ষা করবে যন্ত্রণাদায়ক শাস্তি থেকে?

তাফসীরে জাকারিয়া

- (১০) হে বিশ্বাসীগণ! আমি কি তোমাদেরকে এমন এক বাণিজ্যের সন্ধান বলে দেব না, [1] যা তোমাদেরকে যন্ত্রণাদায়ক শাস্তি হতে রক্ষা করবে?
  - [1] এই আমল (অর্থাৎ, ঈমান ও জিহাদ)-কে বাণিজ্য বলে আখ্যায়িত করা হয়েছে। কারণ এতেও তাদের ব্যবসাবাণিজ্যের মত লাভ হবে। আর সে লাভ কি? জান্নাতে প্রবেশ এবং জাহান্নাম হতে মুক্তি লাভ। এ থেকে বড় লাভ আর কি হতে পারে? এই লাভকে আল্লাহ অন্যত্র এইভাবে বর্ণনা করেছেন, إِنَّ اللهُ اشْتَرَى مِنَ الْمُؤْمِنِينَ أَنْفُسُهُمْ وَاللهُمْ بِأَنَّ لَهُمُ الْجَنَّةَ 'অবশ্যই আল্লাহ ক্রয় করে নিয়েছেন মু'মিনদের নিকট থেকে তাদের জান ও মালকে জান্নাতের বিনিময়ে।" (সূরা তাওবাহঃ ১১১)

তাফসীরে আহসানুল বায়ান





• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5173

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন